

স্মারক নং- ৪৫ (৫৬৫)

তারিখ :- ০২/০২/২০১৭



- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
..... অঞ্চল.....(সকল)।
- ২। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
..... জেলা (সকল)।
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা / মেট্রোপলিটন কৃষি কর্মকর্তা
..... উপজেলা.....(সকল)।

বিষয় : অনিস্পন্ন অডিট আপত্তির তথ্য/ ব্রডসিট জবাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অনিস্পন্ন সাধারণ, অগ্রীম ও সংকলনভুক্ত অডিট আপত্তি দ্রুত নিস্পত্তির জন্য কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এ অবস্থায় আপনার দপ্তরের অনিস্পন্ন আপত্তির তথ্য/ ব্রডসিট জবাব উপজেলা/মেট্রোপলিটন কৃষি কর্মকর্তা সংশ্লিষ্ট উপপরিচালকের বরাবর প্রেরণ করবেন এবং উপপরিচালকগণ তথ্য/ ব্রডসিট জবাব সংগ্রহপূর্বক অতিরিক্ত পরিচালকের নিকট প্রেরণ করবেন। অতিরিক্ত পরিচালকগণ তার নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহ থেকে সমস্ত তথ্য/ ব্রডসিট জবাব সংগ্রহ পূর্বক আগামী ৩০/০১/২০১৭ ইং তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ) দৃষ্টি আকর্ষণ সহকারী পরিচালক (অর্থ) বরাবরে প্রেরণ করবেন। যদি কোন দপ্তরের আপত্তি না থাকে তাহলে আপত্তি নেই মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে কেউ তথ্য প্রেরণ করতে ব্যর্থ হলে বা তথ্য প্রদানের পর কোন ধরনের অডিট আপত্তি পাওয়া গেলে তাহার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেয়া হবে। এখানে উল্লেখ্য যে, অডিটের পরবর্তী কার্যক্রম সম্পাদনের জন্য প্রেরিত তথ্যের/জবাবের ১(এক) সেট প্রত্যেক দপ্তরে সংরক্ষণ করতে হবে।

এমতাবস্থায় নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট ছকে আপত্তির ব্রডসিট জবাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি কোন দপ্তরের "ছকের" প্রয়োজন হয় তাহলে ডিএই এর ওয়েব সাইট থেকে তা সংগ্রহ করতে পারবেন।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক
ডিএই, খামারবাড়ী, ঢাকা।


প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। পরিচালক, হরটিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (আপনার নিয়ন্ত্রণাধীন হরটিকালচার সেন্টার সমূহ থেকে তথ্য/জবাব সংগ্রহ পূর্বক উপরোক্ত ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (আপনার নিয়ন্ত্রণাধীন এটিআই সমূহ থেকে তথ্য/জবাব সংগ্রহ পূর্বক উপরোক্ত ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (আপনার নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহ থেকে তথ্য/জবাব সংগ্রহ পূর্বক উপরোক্ত ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপপরিচালক, (আইসিটি ব্যবস্থাপনা) পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং। সংযুক্ত তিনটি ছকসহ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ হলো।



১। সাধারণ আপত্তির ছক।

আপত্তির সন ও অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকার পরিমাণ	স্থানীয় অফিসের জবাব	মহাপরিচালকের মতামত	ত্রি-পক্ষীয় সভার মতামত
১	২	৩	৪	৫	৬

২। অগ্রীম আপত্তির ছক।

আপত্তির সন ও অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকার পরিমাণ	স্থানীয় অফিসের জবাব	মহাপরিচালকের মতামত	ত্রি-পক্ষীয় সভার মতামত
১	২	৩	৪	৫	৬

৩। সংকলনভূক্ত আপত্তির ছক।

আপত্তির সন ও অনুচ্ছেদ নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকার পরিমাণ	স্থানীয় অফিসের জবাব	মহাপরিচালকের মতামত	ত্রি-পক্ষীয় সভার মতামত
১	২	৩	৪	৫	৬